গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়,
টাঙ্গাইল।

স্মারক নং-সি.জে.এম.টাং-২৬ তারিখ ঃ ০৬-০১-২০২৫ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

টাঙ্গাইল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর শূণ্য পদ প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে সরাসরি পূরনের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বাক্ষরিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (০১) | সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর | ০১ | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>শর্টহ্যান্ড প্রতি মিনিটে বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০, টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০শব্দ। এছাড়া ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও কম্পিউটার পারদর্শী হতে হবে। |
| (০২) | রেকর্ড সহকারী | ০১ | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমান ডিগ্রি। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| (০৩) | জুডিসিয়াল পেশকার | ০১ | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | যেকোন স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| (০৪) | ষ্টোর কিপার | ০১ | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | যেকোন স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| (০৫) | ক্যাশ সরকার | ০১ | ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | যেকোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (০৬) | অফিস সহায়ক | ০২ | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | যেকোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (০৭) | নিরাপত্তা প্রহরী | ০৩ | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | যেকোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (০৮) | মালী | ০১ | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | যেকোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## অন্যান্য শর্তাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি

(০১) উপরে বর্ণিত শূন্য পদ সমূহে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে বর্ণিত তথ্যাদি পূরণপূর্বক স্বাক্ষর করে আবেদন করতে হবে। তবে, উক্ত আবেদনখানা ও তৎসহ সংশ্লিষ্ট কাগজপত্র খামবদ্ধ করে "চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল" ঠিকানায় প্রেরণ করতে হবে।

(০২) "চেয়ারম্যান, বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল" এর অনুকূলে ১-২১০১-০০০১-২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৪ পর্যন্ত আবেদনকারীগণকে ১০০/=(একশত) টাকা এবং ক্রমিক নং ৫-৮ পর্যন্ত আবেদনকারীগণকে ৫০/=(পঞ্চাশ) টাকার (অফেরত যোগ্য) ট্রেজারী চালানের (বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক) মূলকপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে। উল্লেখ্য, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহনযোগ্য নয়।

(০৩) আগামী ২৮-০১-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল এর কার্যালয়ে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি দরখাস্ত পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত (ডাক যোগে প্রাপ্ত হলেও) সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(০৪) প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে বাতিলকৃত (যদি থাকে) প্রার্থীগনের একটি তালিকা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। বৈধ প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহনের নিমিত্তে প্রবেশ পত্র ইস্যু করা হবে।

(০৫) আগামী ২৮-০১-২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(০৬) চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(০৭) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।
(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
(খ) সকল শিক্ষাগত যোগ্যতা; ক্ষেত্র মতে অভিজ্ঞতা, পারদর্শীতা, প্রশিক্ষনের মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূল কপি)।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোর্শনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(০৮) নিয়োগ সম্পর্কিত **বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সার্কুলার নং-০৮/২০১৫ ও প্রচলিত সরকারী বিধিমালা** যথাযথভাবে অনুসরণ করা হবে।

(০৯) খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

(১০) আবেদনপত্রের সাথে স্পষ্টাক্ষরে লিখিত পরীক্ষার জন্য আবেদনকারীর নিজস্ব ঠিকানা সম্বলিত ২০(বিশ) টাকার ডাক টিকেট যুক্ত (৯.৫" X ৪.৫") ১টি ফেরত খাম সংযুক্ত করে প্রেরণ করতে হবে।

(১১) আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১২) কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত তারিখে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে হবে। প্রার্থীগণের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

(১৩) কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই বিজ্ঞপ্তির আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করতে পারবে।

(১৫) চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের মূলকপি প্রদর্শণ করতে হবে।

(১৬) পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি tangail.judiciary.gov.bd ওয়েব সাইডের notice-এ পাওয়া যাবে।

(মোঃ মোস্তফা শাহারিয়ার খান)
চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

CS CamScanner

# চাকুরীর আবেদন ফরম

| |
|---|
| সে.মি. ৫×৫ ছবি (সাম্প্রতিক তোলা ২ কপি) |

বরাবর

.....................................................................

.....................................................................

.....................................................................

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): |

| | | | |
|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | ৬ । জন্মস্থান: জেলা : | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | |
| ৯. | পিতার নাম : | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/ নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহলা: | | |
| | ইউনিয়/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | এতিম/শারিরীক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | ব্যাংকের শাখার নাম: | | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) | হাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

CamScanner